

শিরোনাম: বাণিজ্যিকভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণ

১. পটভূমি

বাংলাদেশের আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি উন্নত বাংলাদেশ বিনির্মাণে মৎস্য খাতকে আরও বিকশিত করার মাধ্যমে সকল ধরনের মৎস্য সেবা সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছাতে আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় উদ্ভাবনী ও জনমুখী মৎস্য সেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকের মধ্যে দূরত্ব কমানোর লক্ষ্যে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর বাণিজ্যিকভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের জন্য উদ্যোগটি গ্রহণ করেছে।

২. উদ্যোগটি কেন গ্রহণ করা হয়েছে

ভাল বীজে যেমন ভাল ফসল ঠিক তেমনি মাছ উৎপাদনের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ভালো জাতের গুণগতমান সম্পন্ন সুস্থ সবল পোনা মাছের সরবরাহ নিশ্চিত করা। বিদ্যমান ব্যবস্থায় চাষিরা বিভিন্ন ভ্রাম্যমান পোনা সরবরাহকারীর মাধ্যমে পোনা সংগ্রহ করত। কাউকে গুণগতমান সম্পন্ন পোনার উৎস জানতে সরাসরি মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়। এছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলেও অনেক সময় দাপ্তরিক নম্বর সমূহ মাছচাষির কাছে না থাকা, প্রয়োজনের সময় মোবাইলে ব্যালেন্স না থাকা এবং অন্যান্য জটিলতার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না। অনেক সময় সরকারি-বেসরকারি পর্যায়ে বিভিন্ন সংস্থা, প্রতিষ্ঠান, কলেজ, বিশ্ববিদ্যালয় কর্তৃক গবেষণাধর্মী কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে গুণগতমান সম্পন্ন পোনা মাছ ও প্রজাতি ভিত্তিক প্রাচুর্যতা এবং উৎপাদনকারীর তথ্য প্রয়োজন হয়।

এছাড়া অ্যাপস, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য ভার্সুয়াল মাধ্যমভিত্তিক বাজার ব্যবস্থাপনার ক্ষেত্রে নিরাপদ পোনা উৎপাদনকারী তথ্য বর্তমান সময়ে একান্ত প্রয়োজন। উল্লিখিত বিষয়সমূহকে লক্ষ্য করে মৎস্য উৎপাদন, বিপণন, গবেষণা ও অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রমকে আরও গতিশীল করতে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর কর্তৃক বাণিজ্যিকভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের উদ্ভাবনী উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়িত হলে কাপাসিয়া উপজেলা মৎস্য দপ্তরের ওয়েব পোর্টালে বাণিজ্যিক ভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য এলাকাভিত্তিক সুবিন্যস্ত থাকবে, যার মাধ্যমে আগ্রহী নাগরিকগণ যেকোন মুহূর্তে, যেকোন স্থান থেকে চাহিদানুযায়ী বাণিজ্যিকভাবে গুণগতমান সম্পন্ন পোনা মাছের প্রাপ্তিস্থান সম্পর্কে অবগত হতে পারবেন।

৩. বাস্তবায়ন প্রক্রিয়া

উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী (পরিশিষ্ট-ক) বাণিজ্যিকভাবে গুণগতমান সম্পন্ন পোনা উৎপাদনকারীর তথ্য প্রকল্পের লিফদের মাধ্যমে সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহের পর ২০২১-২০২২ আর্থিক সালের জন্য উপজেলার বাণিজ্যিকভাবে পোনা উৎপাদনকারীর তালিকা ওয়েব পোর্টালে আপলোড করা হবে। তবে মৎস্য

চাষি নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উত্তম মৎস্য চাষ অনুশীলন (জিএপি), যোগাযোগ ব্যবস্থা, তুলনামূলক বড় খামার, সরকারি/নিবন্ধনকৃত হ্যাচারি হতে পোনা সংগ্রহ, প্রশিক্ষণপ্রাপ্ত কিনা প্রভৃতি বিষয় সমূহকে বিবেচনায় রাখতে হবে।

৪. লগ ফ্রেইম (Log Frame)

ক্র: নং	কার্যক্রম	সময় কাল (২০২১-২২)					
		নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
১	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ	→					
২	উপজেলায় তথ্য যাচাইকরণ				→		
৩	উপজেলা ও জেলা মৎস্য দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য আপলোডকরণ					→	

৫. প্রত্যাশিত ফলাফল

- ✚ অফিসে যাতায়াতের জন্য সময়ের অপচয় হবে না।
- ✚ আগ্রহী নাগরিকগণের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- ✚ তাৎক্ষণিকভাবে যেকোন স্থান থেকে ওয়েবপোর্টাল থেকে বাণিজ্যিকভাবে পোনা উৎপাদনকারীর তথ্য সংগ্রহ করা যাবে।
- ✚ ভালো মানের পোনা পাওয়ার নিশ্চয়তা থাকায় মাছের উৎপাদন বৃদ্ধি পাবে এবং চাষিরা আর্থিকভাবে লাভবান হবে।
- ✚ গবেষণাধর্মী কার্যক্রমে সহায়ক হবে।
- ✚ ভারুয়াল বাজার ব্যবস্থাপনায় বাণিজ্যিকভাবে পোনা উৎপাদনকারীর তথ্য সমৃদ্ধ ওয়েবপোর্টাল অন্যতম তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে।

(মো: হাবুন-অর-রশিদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কাপাসিয়া, গাজীপুর।

Filename: □□□□□□ □□□□□□
Directory: E:\SUFO Harun Kapasia\Kapasias\Innovation
Template: C:\Users\Hp\AppData\Roaming\Microsoft\Templates\Normal.dotm
Title:
Subject:
Author: RC
Keywords:
Comments:
Creation Date: 3/8/2022 6:35:00 AM
Change Number: 22
Last Saved On: 3/20/2022 1:45:00 PM
Last Saved By: Hp
Total Editing Time: 116 Minutes
Last Printed On: 4/9/2022 10:16:00 AM
As of Last Complete Printing
Number of Pages: 2
Number of Words: 539 (approx.)
Number of Characters: 3,078 (approx.)